

২০১৭ সালে গৃহীত বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের তথ্য

ক্রমিক নং	বিষয়	বাস্তবায়ন অগ্রগতি
১।	এসএমএস এর মাধ্যমে রেশম চাষীদের কারিগরি পরামর্শ প্রদান	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের অধীন সম্প্রসারণ এলাকার কর্মরত রেশম চাষী/বসনীদের তুঁতচাষ, পলুপালন, ডিম বিতরণ, রোগ বালাই বিশোধন, প্রশিক্ষণসহ রেশম চাষ সংক্রান্ত যেকোন কারিগরি পরামর্শ/তথ্য এসএমএস এর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে।
২।	ওয়ান স্টপ সার্ভিস (ফ্রন্ট ডেস্ক)	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে সেবা সহজীকরণের প্রেক্ষিতে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডও কাজ করছে। তারই ধারাবাহিকতায় রেশম বোর্ডও একজন প্রথম শ্রেণীর কর্মকর্তাকে ওয়ান স্টপ সার্ভিসের দায়িত্ব প্রদান করা হয়েছে। এখানে রেশম সংক্রান্ত বিষয়ে বেশিরভাগ বিশ্ববিদ্যালয়, বুয়েট বা কোন বিশ্ববিদ্যালয়ের গবেষককে সহজেই ওয়ান স্টপ ডেস্ক থেকে রেশম সংক্রান্ত তথ্য প্রদান করা হয়।
৩।	ই-ফাইলিং চালুকরণ	অত্র বোর্ড প্রধান কার্যালয়ে ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে। বর্তমানে ই-ফাইলিং এ অফিস কার্যক্রম পরিচালিত হচ্ছে।
৪।	রেশম বসনীদের বিক্রয়কৃত গুটির মূল্য মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মিনিফিলেচার কেন্দ্রসমূহে বসনীদের উৎপাদনকৃত গুটি ন্যায্য মূল্যে ক্রয় করা হয়। বসনীদের বিক্রীত গুটির ন্যায্য মূল্য সহজে প্রাপ্তির লক্ষ্যে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে অর্থ পরিশোধ করার উদ্যোগটি প্রক্রিয়াধীন রয়েছে। খুব শিঘ্রই প্রস্তাবটি চালু করা হবে।
৫।	সিসি ক্যামেরা দ্বারা বোর্ড ভবন নিয়ন্ত্রণ	ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে নিরাপত্তা ও কাজের স্বচ্ছতার লক্ষ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ভবন ক্যাম্পাস সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রণ করা হয়েছে।
৬।	রেশম চাষী/বসনীদের ডাটাবেস তৈরী	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্প্রসারণ এলাকার চাষী/বসনীদের নাম, জাতীয় পরিচয় পত্র নম্বর, সংশ্লিষ্ট এলাকাসহ রেশম বোর্ড থেকে বিভিন্ন সময়ে সহায়তা/অনুদান প্রদান সংক্রান্ত সার্বিক তথ্য ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হচ্ছে। ডাটাবেজের অন্তর্ভুক্তির কাজটি চলমান। অগ্রগতি ৬০%।
৭।	ডিজিটাল হাজিরা	অফিসে নিয়মিত উপস্থিতি জবাবদিহিতার মধ্যে আনয়নের লক্ষ্যে ডিজিটাল হাজিরা কার্যক্রমটি এ অর্থ বছরে চালু করা হবে।
৮।	রেশম চাষী ও বসনীদের মোবাইল ফোনে পরামর্শ প্রদান	উদ্ভাবনী উদ্যোগটি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। চাষী/বসনীদের ডাটাবেজ তৈরীর কাজটি চলমান আছে। খুব শিঘ্রই প্রস্তাবটি চালু করা হবে।
৯।	সেবা সহজীকরণ সংক্রান্ত তথ্য	(১) সেবা সহজীকরণের লক্ষ্যে রেশম বোর্ডে কর্মরত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীসহ রেশম চাষী/বসনীদের তুঁতচারা ও ডিম উৎপাদন ও বিতরণ সংক্রান্ত যাবতীয় তথ্য সংশ্লিষ্টদের আগাম মেসেজের মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। (২) অনলাইনে বাংলাদেশের যেকোন নাগরিক তার প্রয়োজনীয় মতামত প্রদানের লক্ষ্যে বোর্ডের ওয়েবসাইটে এ সংক্রান্ত একটি বক্স চালু করা হয়েছে। (৩) বোর্ড প্রধান কার্যালয় থেকে মাঠ পর্যায়ের তুঁতচারা উত্তোলন, রোপন কার্যক্রম মোবাইলের মাধ্যমে মনিটরিং করা হয়ে থাকে। (৩) বোর্ড প্রধান কার্যালয়ের চতুর্থ শ্রেণীসহ সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতনসহ আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে চালু করা হয়েছে। (৪) ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে অদ্যাবধি সেবা প্রদান করা হচ্ছে।